



জামালপুরে বৃত্তপিরাপ্ত কৃতি শিক্ষার্থীদের সংবর্ধনা

লখেক: প্রকাশক | প্রকাশতি: 02 September 2026, 10:19 PM | বিভাগ: সারাদশে



জামালপুর সদর উপজলোয় ২০২৫ শিক্ষাবর্ষের প্রাথমিক ও ইবতদোয়ী বৃত্তি পরীক্ষায় সাধারণ ও ট্যালেন্টপুলে বৃত্তপিরাপ্ত কৃতি শিক্ষার্থীদের সংবর্ধনা দেওয়া হয়েছে।

বুধবার (২ সেপ্টেম্বর) দুপুরে শহরের শহীদ সাফওয়ান সদ্য অডিটরিয়ামে উপজলো পরিষদ ও উপজলো প্রশাসনের আয়োজনে এ সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি বক্তব্য দেন জামালপুর সদর আসনের সংসদ সদস্য অ্যাডভোকেট শাহ মো. ওয়ারছে আলী মামুন।

এ সময় আরও বক্তব্য দেন জামালপুর বজিঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আমরি হোসেন, জলো প্রশাসক মোহাম্মদ ইউসুপ আলী এবং জলো প্রাথমিক শিক্ষা অফিসার মোহাম্মদ আলী আহসান।

বক্তারা বলেন, শিক্ষার্থীদের এ সাফল্য শুধু তাদের ব্যক্তিগত অর্জন নয়; এটি তাদের পরিবার, শিক্ষক ও শিক্ষা প্রতিষ্ঠানেরও গৌরব। এ ধরনের স্বীকৃতি শিক্ষার্থীদের ভবিষ্যতে আরও ভালো ফলাফল অর্জনে উৎসাহিত করবে।

পরে বৃত্তপরিাপ্ত কৃতি শিক্ষার্থীদের হাতে সম্মাননা তুলে দেন অতিথিরা। এ সময় শিক্ষার্থী, শিক্ষক ও অভিভাবকদের উপস্থিতিতে অনুষ্ঠানস্থলে উৎসবমুখর পরিবেশে সৃষ্টি হয়।

অনুষ্ঠানে বৃত্তপরিাপ্ত শিক্ষার্থী এবং সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষকরা অংশ নেন।

© 2026 আপনার নভিজ পোর্টাল। সর্বস্বত্ব সংরক্ষিত।

এই প্রতিবেদনটি আমাদের ওয়েবসাইট থেকে ডাউনলোড করা হয়েছে।